**কবিতা/গল্প প্রকাশ**



**নিজস্ব লেখা "কবিতা/গল্প" সংবাদপত্রে প্রকাশিত করতে - ৯০৬২৮৬৭৯২১**



হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
# EI YUG

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746



**হলি ডে হোম বুকিং**



দর্শনীয় ভ্রমণের জায়গা-
**হোটেল :-** তারাপীঠ, দিঘা ,পুরী ।
**বাগান বাড়ি :-** খেজুরি-পূর্ব মেদিনীপুর।
বুকিং এর জন্য যোগাযোগ করুন
"**এই যুগ**" অফিসে।
ফোন নং: **9062867921** ।



PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য - 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 21 JANUARY 2026 ,WEDNESDAY | ২১ জানুয়ারি ২০২৬ ,বুধবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-53


## গরহাজির বিডিও , রাজগঞ্জে প্রশাসনিক দায়িত্বে জয়েন্ট বিডিও



সুস্মিতা রায়, এই যুগ ,জলপাইগুড়ি, ২০ জানুয়ারি : প্রশান্ত বর্মনের অনুপস্থিতিতে দায়িত্ব সামলাবেন সৌরভ কান্তি মণ্ডল রাজগঞ্জ ব্লকের বিডিও প্রশান্ত বর্মন বর্তমানে গরহাজির। নিউটাউন স্বর্ণ ব্যবসায়ী খুন মামলায় অভিযুক্ত প্রশান্ত বর্মনের অনুপস্থিতিতে প্রশাসনিক কাজকর্ম সচল রাখতে জয়েন্ট বিডিও সৌরভ কান্তি মণ্ডলকে বিডিও-র দায়িত্ব দিল রাজ্য প্রশাসন।প্রশাসনিক সূত্রে জানা গিয়েছে, সৌরভ কান্তি মণ্ডলকে রাজগঞ্জ ব্লকের প্রশাসনিক ও আর্থিক চার্জ—দু'টিই সামলানোর দায়িত্ব দেওয়া হয়েছে। ফলে দীর্ঘদিন ধরে যে প্রশাসনিক অচলাবস্থা তৈরি হয়েছিল, তা কাটবে বলেই আশা করা হচ্ছে।নতুন দায়িত্বপ্রাপ্ত আধিকারিককে এদিন ফুলের তোড়া দিয়ে সংবর্ধনা জানান রাজগঞ্জের বিধায়ক খগেশ্বর রায়। তিনি বলেন, "দীর্ঘদিন ধরে ব্লকে প্রশাসনিক কাজ ব্যাহত হচ্ছিল। অবশেষে রাজ্য প্রশাসন একজন দায়িত্বশীল আধিকারিককে দায়িত্ব দিয়েছে। আশা করছি, নতুনভাবে কাজ শুরু হলে রাজগঞ্জ ব্লকের উন্নয়নমূলক কর্মকাণ্ডে গতি আসবে।"উল্লেখ্য, রাজগঞ্জের বর্তমান বিডিও প্রশান্ত বর্মন নিউটাউন স্বর্ণ ব্যবসায়ী খুন মামলায় অভিযুক্ত। সুপ্রিম কোর্টের নির্দেশ অনুযায়ী আগামী ২৩ জানুয়ারির মধ্যে তাঁকে আত্মসমর্পণ করার কথা, তবে এখনও পর্যন্ত তিনি পলাতক রয়েছেন। তাঁর অনুপস্থিতিতেই প্রশাসনিক কাজকর্ম কার্যত স্থবির হয়ে পড়েছিল।প্রশাসনিক মহলের দাবি, ব্লকের দৈনন্দিন কাজকর্ম স্বাভাবিক রাখতেই আপাতত জয়েন্ট বিডিও সৌরভ কান্তি মণ্ডলকে এই গুরুত্বপূর্ণ দায়িত্ব দেওয়া হয়েছে।

## বিধানসভার দামামা বেজে উঠলো আলিপুরদুয়ারে




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২০ জানুয়ারি : বিধানসভা ভোটের দামামা বেজে উঠল।মঙ্গলবার আলিপুরদুয়ারের প্রশাসনিক ভবন ডুয়ার্স কন্যায় ইলেকট্রনিক ভোটিং মেশিন ডেমোস্টেশন সেন্টার শুরু হল। যার উদ্বোধন করলেন জেলাশাসক আর বিমলা।এদিন ইভিএম মেশিনের মোবাইল ডেমনস্ট্রেশন করা হয়। ইভিএম ডেমনস্ট্রেসন মোবাইল ভ্যান পৌঁছে যাবে আলিপুরদুয়ার জেলার প্রতিটি ব্লকে। ব্লক অফিসেও পৌঁছে যাবে এই ভ্যানগুলি। বিশেষ করে প্রত্যন্ত এলাকায় বাসিন্দাদের ইভিএম-এ ভোটদান দেখানোর ওপর গুরুত্ব দেওয়া হবে।আলিপুরদুয়ার জেলাশাসক আর বিমলা জানান, " আলিপুরদুয়ার জেলার প্রত্যেকটি ব্লকে মোবাইল ডেমোস্টেশন ভ্যান এবং ইভিএম ডেমোস্টেশন করা হবে। বিধানসভা নির্বাচনের নির্ঘণ্ট ঘোষণা হওয়ার আগে পর্যন্ত এ কাজ চলবে।


**Graphics Design wORK**
GRAPHICS DESIGN: NEWSPAPER ● MAGAZINE ● BOOK ● INVITING CARD ● VISITING CARD ● ID CARD
FLEX ● POSTER ● CARTOON ● LOGO ● PAGE
Contact No: 9836753622



# হলি ডে হোম বুকিং

দর্শনীয় ভ্রমণের জায়গা-
**হোটেল :-** তারাপীঠ, দিঘা ,পুরী ।
**বাগান বাড়ি :-** খেজুরি-পূর্ব মেদিনীপুর।
বুকিং এর জন্য যোগাযোগ করুন
"**এই যুগ**" অফিসে।
ফোন নং: **9062867921** ।




# মালদহ জেলা পুলিশের অভিযানে উদ্ধার পনেরোটি আগ্নেয়াস্ত্র সহ পঁচিশ রাউন্ড গুলি ,গ্রেপ্তার দুই



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, মালদহ, ২০ জানুয়ারি : মালদহ জেলা পুলিশ গোপন সুত্রে পাওয়া খবরের ভিত্তিতে জেলার দুটি স্থানে অভিযান চালিয়ে পনেরোটি আগ্নেয়াস্ত্র ও পঁচিশ রাউন্ড গুলি। গ্রেপ্তার করা হয় দুই জনকে। ধৃতরা হলো মইনুল  হাসান(২০) পিতা - সাইদুল হাসান, মুর্শিদাবাদ জেলার লালগোলা থানার মীরজাতপুর লস্করপুর এলাকার বাসিন্দা। অপরজন মোহাম্মদ আনারুল হক, পিতা মৃত রাহামু শেখ, মালদহ জেলার কালিয়াচক থানার বালিহারপুরের বাসিন্দা। ধৃতদের বিরুদ্ধে নির্দিষ্ট আইনী ধারায় মামলা রুজু করে মঙ্গলবার তাদের আদালতে পাঠিয়েছে পুলিশ।

# চোলাই এর ঠেক ভাঙলেন পুলিশ



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২০ জানুয়ারি : গোপন খবরের ভিত্তিতে অভিযান চালিয়ে মাঝের ডাবরি গ্রাম পঞ্চায়েতের বিভিন্ন এলাকায় প্রচুর পরিমান চোলাই এবং হাঁড়িয়া নষ্ট করে দিল শামুকতলা রোড ফাঁড়ির ওসি সঞ্জীব মোদক এমনটাই জানা গেছে তার কাছ থেকে মঙ্গলবার রাত ৭ টা নাগাদ।  পুলিশ সূত্রে জানা গেছে ফাঁড়ি এলাকার বিভিন্ন প্রান্তে চোলাই তৈরীর ঠেক নতুন করে গজিয়ে উঠেছিল। সেই ঠেক গুলিকেই মঙ্গলবার ভেঙ্গে দেয় পুলিশ। অভিযান লাগাতার ভাবে চলতে থাকবে জানিয়েছেন শামুকতলা রোড ফাঁড়ির ওসি সঞ্জীব মোদক।

# শামুকতলায় উদ্ধার কঙ্কাল সার দেহ




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২০ জানুয়ারি : মাস দুয়েক ধরে নিখোঁজ এক ব্যক্তির কঙ্কাল সার পচা গলা দেহ উদ্ধার করাকে কেন্দ্র করে ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে শামুকতলা থানা এলাকায়।কি ভাবে ওই ব্যক্তির মৃত্যু হল সেই নিয়ে চলছে চুল ছেঁড়া বিশ্লেষণ। বক্সা ব্যাঘ্র প্রকল্পের কার্তিকা জঙ্গল থেকে মঙ্গলবার ওই ব্যক্তির পচা গলা দেহ উদ্ধার হয়েছে বলে জানা গেছে।মঙ্গলবার সকালে বন কর্মীরা রুটিন টহল দেওয়ার সময় পচা দুর্গন্ধ পাওয়ার পরেই ওই দেহের খোঁজ মেলে। পুলিশ খবর পেয়েই ঘটনাস্থলে আসেন। মৃত ব্যক্তির পরিবারের লোকেরা দেহ শনাক্ত করার পরেই কঙ্কাল সার দেহ ময়নাতদন্তের জন্য আলিপুরদুয়ার জেলা হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে। পুলিশ সূত্রে জানা গিয়েছে ব্যক্তির বাড়ি শামুকতলা থানার রহিমাবাদ চা বাগানের আদিবাসী মহল্লা পোখরা লাইনে। মৃত ব্যক্তির নাম কামিম মিয়া(৪৬)। জানা গিয়েছে ওই ব্যক্তি জঙ্গল থেকে বিভিন্ন সামগ্রী চালতা, বাতাবি, লেবু তেতুল, কুল ইত্যাদি সংগ্রহ করে বিভিন্ন বাজারে বিক্রি করতেন। তার একটু মানসিক সমস্যাও ছিল। তিনি পায়ে হেঁটেই রহিমাবাদ থেকে কার্তিক আর শামুকতলা এলাকায় চলে আসতেন। পরিবারের লোকেরা জানান মাস দুয়েক আগে হঠাৎই তিনি উধাও হয়ে যান। অনেক খুঁজেও তার কোন খোঁজ না পেয়ে পরিবারের লোকেরা শামুকতলা থানায় এবং বনদপ্তরে লিখিতভাবে নিখোঁজ এর বিষয়টি জানান। জঙ্গলের ভেতর তার পচা গলা দেহ উদ্ধারের পর তার মৃত্যু নিয়েও রহস্য দানা বেঁধেছে। জঙ্গলে বিভিন্ন সামগ্রী সংগ্রহ করতে গিয়ে হাতি বা অন্য কোন বুনো জীবজন্তুর আক্রমণে তার মৃত্যু হয়েছে কি ? নাকি অন্য কোন কারণে তার মৃত্যু হয়েছে? এদিন মৃতদেহ আলিপুরদুয়ার জেলা হাসপাতালের মর্গে ময়নাতদন্ত হয়নি। কোচবিহার পাঠানো হয়েছে।

# গরু পাচার নিয়ে ব্যাপক উত্তেজনা কামাখ্যাগুড়িতে



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২০ জানুয়ারি : গরু পাচার নিয়ে ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে আলিপুরদুয়ার জেলার কুমারগ্রাম ব্লকের পশ্চিম নারারথলি বর্মন কলোনী এলাকায়। এলাকার বাসিন্দাদের কাছ থেকে জানা গেছে রাতের অন্ধকারে জঙ্গল থেকে গরুর চিৎকার শোনার পরেই তাদের সন্দেহ হয়েছিল। এরপরেই এলাকার বাসিন্দারা বিক্ষোভ দেখাতে থাকেন। যদিও কিছুক্ষণের মধ্যেই ঘটনাস্থলে পৌঁছে কামাখ্যাগুড়ির ফাঁড়ির পুলিশ আটক করে একটি লরিকে। লরিটিতে বেশ কয়েকটি গরু ছিল। মাঝেমধ্যে ওই এলাকায় বড় গাড়ি ঢুকে। এর আগেও গরু পাচার হয়েছিল ওই এলাকা থেকে জানিয়েছেন এলাকার বাসিন্দারা। কুমারগ্রামের বিভিন্ন স্তরের বিজেপি নেতাও ঘটনাস্থলে পৌঁছে বিক্ষোভ দেখান শাসকদলের বিরুদ্ধে আঙ্গুল তুলেন। গরু এবং মহিষ পাচারের করিডোর হয়ে গেছে কুমারগ্রাম ব্লক। তবে গরুগুলি কোথা থেকে আনা হয়েছে কোথায় নিয়ে যাওয়া হচ্ছে তা নিয়ে রহস্য তৈরি হয়েছে কুমারগ্রাম ব্লক এলাকায়।

# চোরাই সামগ্রী সহ গ্রেপ্তার তিন




সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ২০ জানুয়ারি : আলিপুরদুয়ার জেলা পুলিশের জয়গাঁ থানার পুলিশ সোমবার রাতে অভিযান চালিয়ে তিন ব্যক্তিকে চুরির দায়ে অভিযুক্ত হিসাবে গ্রেপ্তার করে ও তাদের হেফাজত থেকে চোরাই সামগ্রী উদ্ধার করে। জানা গেছে চলতি মাসের আঠারো তারিখ থানা এলাকার জনৈক বাসিন্দা থানায় চুরির অভিযোগ দায়ের করেন। অভিযোগ পেয়ে পুলিশ তদন্তে নেমে তিন জনকে গ্রেপ্তার করে ও তাদের জিজ্ঞাসাবাদ করে চুরি হওয়া সামগ্রী উদ্ধার করে। উদ্ধার হওয়া সামগ্রীর মধ্যে রয়েছে দুটি ভুটানের গ্যাস সিলিন্ডার, একটি স্যামসাং এন্ড্রয়েড মোবাইল ফোন ও অন্যান্য সামগ্রী। ধৃতদের নাম নুর হোসেন, বিজয় বর্মন ও শফিকুল ইসলাম, সকলেই থানা এলাকার গুয়াবাড়ির বাসিন্দা। ধৃতদের মঙ্গলবার আলিপুরদুয়ার জেলা আদালতে পাঠিয়ে ঘটনার তদন্ত শুরু করেছে।

# বোরাগাড়ীতে গাঁজা গাছ কেটে দিল পুলিশ



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২০ জানুয়ারি : বোরা গাড়ীতে গাঁজা চাষীদের বিরুদ্ধে অভিযান চালিয়েছে ভাটিবাড়ী ফাঁড়ির ওসি দীপঙ্কর গোস্বামী এমনটাই জানিয়েছেন ফাঁড়ির ওসি দীপঙ্কর গোস্বামী মঙ্গলবার রাত সাতটা নাগাদ। গোপন খবরের ভিত্তিতে এদিন অভিযান চালানো হয় ভাটিবাড়ী গ্রাম পঞ্চায়েতের বোড়াগাড়ি এলাকায়। এদিন চল্লিশ থেকে পঞ্চাশটি গাঁজা গাছ কাটা হয় তিনটি পরিবারের। রীতিমতো লঙ্কা চাষের ক্ষেতে গাঁজা গাছ লাগানো হয়। গাঁজা গাছ কেটে আগুন দিয়ে পুড়িয়ে দেয়। ভাটিবাড়ী ফাঁড়ির ওসি দীপঙ্কর গোস্বামী জানিয়েছেন তিনটি পরিবারের বিরুদ্ধেই আইনগত ব্যবস্থা নেয়া হবে।

হলি ডে হোম বুকিং
দর্শনীয় ভ্রমণের জায়গা-
**হোটেল :-** তারাপীঠ, দিঘা ,পুরী।
**বাগান বাড়ি :-** খেজুরি-পূর্ব মেদিনীপুর।
বুকিং এর জন্য যোগাযোগ করুন
"**এই যুগ**" অফিসে।
ফোন নং: **9062867921**।



EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, PIN-711403,STATE-WEST BENGAL |
PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE",BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, STATE-WEST BENGAL,PIN-711403 |
CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |